গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১৮৪/২০১৯-২০২০
ঢাকা ৯ মার্চ সোমবার ২০২০, ২৫ ফাল্গুন ১৪২৬

১। বাংলাদেশে করোনাভাইরাসে আক্রান্ত তিন রোগী শনাক্ত : সংবাদসম্মেলনে আইইডিসিআর
২। করোনাভাইরাস মোকাবিলার সক্ষমতা আছে, উদ্বেগের কিছু নেই : নারী দিবসের অনুষ্ঠানে প্রধানমন্ত্রী
নারী যত শিক্ষিত হবে, সমাজ তত দ্রুত এগিয়ে যাবে
৩। ১৭ মার্চ জাতীয় প্যারেড গ্রাউন্ডে মুজিববর্ষের সমাবেশ হচ্ছে না : করোনাভাইরাসের প্রভাবে কর্মসূচি পুনর্বিন্যাস
৪। রাষ্ট্রপতির সঙ্গে ব্রুনাইয়ের হাইকমিশনারের সাক্ষাৎ : এপ্রিলে ঢাকা আসছেন ব্রুনাইয়ের সুলতান
৫। জাতির পিতার স্বপ্ন সেদিন সার্থক হবে যেদিন আর একটিও নারী নির্যাতনের ঘটনা ঘটবে না : স্পিকার
৬। করোনাভাইরাসের জন্য বঙ্গবন্ধু টানেলের কাজে সময়ক্ষেপণ হবে না : সেতুমন্ত্রী
৭। বঙ্গবন্ধুর স্বপ্নের বাংলাদেশ গড়াই মুজিববর্ষের অঙ্গীকার : টাঙ্গাইলে কৃষিমন্ত্রী
৮। সীমান্ত হত্যা শূন্যের কোঠায় আনতে আলোচনা চলছে: নওগাঁয় স্বরাষ্ট্রমন্ত্রী
৯। নির্বাচনি আচরণবিধির কারণে বিএনপি সুবিধা পাচ্ছে : চট্টগ্রামে তথ্যমন্ত্রী
১০। ভূমি রেজিস্ট্রেশন প্রক্রিয়া অটোমেশন করা হবে : আইনমন্ত্রী
১১। উচ্চ সুদের কারণেই খেলাপি ঋণ বেড়েছে : অর্থমন্ত্রী
১২। অর্থনৈতিক প্রবৃদ্ধিতে অবদান রাখতে নারীর কাজের স্বীকৃতি দিন : আট নারীকে সম্মাননা অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী
১৩। বাণিজ্যে করোনাভাইরাসের প্রভাব সরকার গভীরভাবে পর্যবেক্ষণ করছে : বাণিজ্যমন্ত্রী
১৪। ব্লু ইকোনমি বিকাশে বাংলাদেশ ও ভিয়েতনাম একসঙ্গে কাজ করবে : মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী
১৫। জাটকা সংরক্ষণ সপ্তাহ ৪ থেকে ১০ এপ্রিল
জাটকা নিধনের সঙ্গে জড়িতদের সব কার্যক্রম বন্ধ করে দেওয়া হবে : মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী
১৬। জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবিলায় উন্নত রাষ্ট্রকে পাশে চাই : পরিবেশমন্ত্রী
১৭। করোনাভাইরাসের কারণে হজে যেতে না পারলে টাকা ফেরত : ধর্ম প্রতিমন্ত্রী

১। বাংলাদেশে করোনাভাইরাসে আক্রান্ত তিন রোগী শনাক্ত : সংবাদসম্মেলনে আইইডিসিআর

চীন থেকে বিশ্বব্যাপী ছড়িয়ে পড়া প্রাণঘাতী করোনাভাইরাস এবার বাংলাদেশে শনাক্ত হয়েছে। দেশে প্রথমবারের মতো তিন জনের দেহে ভাইরাসটির সংক্রমণ ধরা পড়েছে বলে জানিয়েছেন সরকারের রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউটের (আইইডিসিআর) পরিচালক অধ্যাপক ডা. মীরজাদি সেব্রিনা ফ্লোরা। গতকাল (৮ মার্চ রোববার) এক সংবাদসম্মেলনে তিনি এ তথ্য জানান। আক্রান্তদের মধ্যে দুই জন পুরুষ ও এক জন নারী। এ তিন জনই বাংলাদেশি। তাদের মধ্যে দুই জন ইতালির দুটি শহর থেকে সম্প্রতি দেশে ফিরেছেন। এদের মধ্যে এক জনের সংস্পর্শে আসায় পরিবারের আরেক সদস্য আক্রান্ত হয়েছেন। তাদের বয়স ২০ থেকে ৩৫ বছরের মধ্যে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.২), **সমকাল** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.২)।

২। করোনাভাইরাস মোকাবিলার সক্ষমতা আছে, উদ্বেগের কিছু নেই : নারী দিবসের অনুষ্ঠানে প্রধানমন্ত্রী
নারী যত শিক্ষিত হবে, সমাজ তত দ্রুত এগিয়ে যাবে

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, করোনাভাইরাস মোকাবিলায় বাংলাদেশের পর্যাপ্ত সক্ষমতা রয়েছে। আমরা যথাযথ ব্যবস্থা নিচ্ছি। এটি নিয়ে উদ্বিগ্ন হওয়ার কিছু নেই। গতকাল (৮ মার্চ রোববার) রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে আন্তর্জাতিক নারী দিবসের অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি আরো বলেন, সরকার ২৪ ঘণ্টা পরিস্থিতি পর্যবেক্ষণ করছে। যে কোনো জায়গায় সমস্যা দেখা দিলে তাৎক্ষণিকভাবে যথাযথ পদক্ষেপ গ্রহণ করা হবে। তবে সবাইকে পরিষ্কার-পরিচ্ছন্ন থাকতে হবে এবং স্বাস্থ্য মন্ত্রণালয়ের নির্দেশনা (স্বাস্থ্যবিধি) মেনে চলতে হবে। প্রধানমন্ত্রী বলেন, আমরা প্রতিটি ক্ষেত্রে নারীদের জন্য সুযোগ সৃষ্টি করে দিচ্ছি, যাতে তারা এগিয়ে যেতে পারে। নারীরা যত শিক্ষিত হবে, নারীরা যত স্বাবলম্বী হবে সমাজ তত দ্রুত এগিয়ে যেতে পারবে। কারণ সমাজের অর্ধেক অংশকে অকেজো রেখে একটি সমাজ সঠিকভাবে চলতে পারে না। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **সমকাল** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

৩। ১৭ মার্চ জাতীয় প্যারেড গ্রাউন্ডে মুজিববর্ষের সমাবেশ হচ্ছে না : করোনাভাইরাসের প্রভাবে কর্মসূচি পুনর্বিন্যাস

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে আগামী ১৭ মার্চ জাতীয় প্যারেড গ্রাউন্ডে মুজিববর্ষের উদ্বোধন অনুষ্ঠান ও জনসমাবেশ হচ্ছে না। বাংলাদেশে তিনজন করোনা আক্রান্ত হয়েছেন ঘোষণার কয়েক ঘণ্টা পর গতকাল (৮ মার্চ রোববার) এক জরুরি বৈঠকে বিশ্ব পরিস্থিতি ও জনস্বার্থ বিবেচনায় মুজিববর্ষের অনুষ্ঠানে কিছুটা পুনর্বিন্যাসের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। জাতির পিতার জন্মশতবার্ষিকীর দিন ১৭ মার্চ উল্লিখিত জনসমাবেশ না হওয়ায় কোনো বিদেশি অতিথিও আসছেন না। পরিস্থিতির উন্নতির পর সুবিধাজনক সময়ে বড় ধরনের জনসমাবেশ আয়োজন করা হবে। তবে মুজিববর্ষের আনুষ্ঠানিক উদ্বোধনের অংশ হিসেবে ঐদিন ধানমন্ডি ৩২ নম্বরের বঙ্গবন্ধু ভবন প্রাঙ্গণে জাতির পিতার প্রতিকৃতি এবং পরবর্তী সময়ে টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধুর সমাধিতে শ্রদ্ধা জানানো হবে। সারাদেশে দোয়া এবং শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে সীমিত আকারে মুজিববর্ষের অনুষ্ঠানও চলবে। এছাড়া বিভিন্ন প্রকাশনা এবং স্মারক ডাকটিকিট ও স্মারক মুদ্রা প্রকাশ করা হবে। গতকাল প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় কমিটির যৌথ সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বৈঠকে প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনার সভাপতিত্বে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন বঙ্গবন্ধুর ছোট মেয়ে শেখ রেহানা, প্রধানমন্ত্রীর মেয়ে সায়মা ওয়াজেদ হোসেন এবং জাতীয় বাস্তবায়ন কমিটির প্রধান সমন্বয়ক ও উদযাপন জাতীয় কমিটির সদস্য সচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরী। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (পৃ.১,ক.৪)।

৪। রাষ্ট্রপতির সঙ্গে ব্রুনাইয়ের হাইকমিশনারের সাক্ষাৎ : এপ্রিলে ঢাকা আসছেন ব্রুনাইয়ের সুলতান

ব্রুনাইয়ের দারুসসালামের সুলতান হাজী হাসানাল বলকিইয়া আগামী ১২-১৩ এপ্রিল বাংলাদেশ সফর করবেন। ব্রুনাইয়ের হাইকমিশনার হাজী হারিস বিন ওসমান গতকাল (৮ মার্চ রোববার) বঙ্গভবনে সৌজন্য সাক্ষাতে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদকে এ সফর সম্পর্কে অবহিত করেন। বাংলাদেশে এটি ব্রুনাইয়ের কোনো সুলতানের প্রথম সফর হবে। তিনি রাজতান্ত্রিক রাষ্ট্রপ্রধান এবং ব্রুনাইয়ের প্রধানমন্ত্রী হিসেবে তিনি সরকার প্রধানও। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.৮), **সমকাল** (পৃ.৫,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ,ক.৮)।

**৫।	জাতির পিতার স্বপ্ন সেদিন সার্থক হবে যেদিন আর একটিও নারী নির্যাতনের ঘটনা ঘটবে না : স্পিকার**

নারী-পুরুষের সমতার অগ্রযাত্রায় পূর্ণতা পায় পুরুষের সহায়তায়। তাই বাংলাদেশে নারীদের উন্নয়নের অগ্রযাত্রার কাজ শুরু করেছিলেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। গতকাল (৮ মার্চ রোববার) জাতীয় প্রেসক্লাবে আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে 'নারী উন্নয়নে বঙ্গবন্ধু' শীর্ষক এক সেমিনারে জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী এসব কথা বলেন। তিনি বলেন, কর্মক্ষেত্রে নারীর নিরাপত্তা নিশ্চিত করার মাধ্যমে অর্জিত হবে নারী-পুরুষের সমতা। জাতির পিতার স্বপ্ন সেদিন সার্থক হবে যেদিন আর একটিও নারী নির্যাতনের ঘটনা ঘটবে না। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.২), **যুগান্তর** (পৃ.৩,ক.৮), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।

**৬।	করোনাভাইরাসের জন্য বঙ্গবন্ধু টানেলের কাজে সময়ক্ষেপণ হবে না : সেতুমন্ত্রী**

করোনাভাইরাসের জন্য কর্ণফুলী নদীর তলদেশে নির্মাণাধীন বঙ্গবন্ধু টানেলের কাজে সময়ক্ষেপণ হবে না বলে জানিয়েছেন সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। গতকাল (৮ মার্চ রোববার) তিনি বঙ্গবন্ধু টানেল প্রকল্পের কাজের অগ্রগতি পরিদর্শন শেষে সাংবাদিকদের একথা বলেন। সেতুমন্ত্রী বলেন, বঙ্গবন্ধু টানেল প্রকল্প প্রধানমন্ত্রী শেখ হাসিনার অগ্রাধিকারমূলক প্রকল্প। এ প্রকল্পের কাজ তার নিজস্ব গতিতে এগিয়ে চলছে। তিনি বলেন, নদী রোরিং-এর কাজ ১ হাজার ২২৮ মিটার শেষ হয়েছে। এখন পর্যন্ত মূল প্রকল্পের ৫১ শতাংশ কাজ শেষ হয়েছে। এ ধারা অব্যাহত থাকলে টানেলটি আগামী ২০২২ সালে যান চলাচলের উপযোগী হবে। **সূত্র-ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৬), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

**৭।	বঙ্গবন্ধুর স্বপ্নের বাংলাদেশ গড়াই মুজিববর্ষের অঙ্গীকার : টাঙ্গাইলে কৃষিমন্ত্রী**

কৃষিমন্ত্রী ড. মো. আব্দুর রাজ্জাক বলেছেন, স্বাধীন জাতি রাষ্ট্র উপহার দেয়ার পর বঙ্গবন্ধুর স্বপ্ন ছিল ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত বাংলাদেশ গড়ার। তিনি সেটা করে যেতে পারেননি। তাঁর কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশকে সে স্বপ্নের দেশে পরিণত করতে এগিয়ে যাচ্ছেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সে স্বপ্নের বাংলাদেশ গড়াই হবে মুজিববর্ষের অঙ্গীকার। শিক্ষা, স্বাস্থ্যসহ সব ক্ষেত্রে দেশের অভূত ঈর্ষণীয় উন্নয়ন হয়েছে। গতকাল (৮ মার্চ রোববার) টাঙ্গাইলের ধনবাড়ী উপজেলা পরিষদ মিলনায়তনে নারী দিবস উপলক্ষে হতদরিদ্র, দুস্থ ও অসহায়দের মাঝে মানবিক সহায়তা হিসেবে চেক, ঢেউটিন, সেলাই মেশিন এবং দরিদ্র মেধাবী ছাত্রীদের মধ্যে বাইসাইকেল বিতরণ এবং উপজেলা আওয়ামী লীগের বিশেষ বর্ধিত সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.১), **সংবাদ** (শেষ পৃ,ক.৫)।

**৮।	সীমান্ত হত্যা শূন্যের কোঠায় আনতে আলোচনা চলছে: নওগাঁয় স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, সীমান্তে হত্যাকাণ্ড শূন্যের কোঠায় নিয়ে আসার লক্ষে বিজিবি ও বিএসএফের মধ্যে আলোচনা অব্যাহত রয়েছে। গতকাল (৮ মার্চ রোববার) নওগাঁয় গণপূর্ত বিভাগের বাস্তবায়নে আট কোটি ১০ লাখ টাকা ব্যয়ে ধামইরহাটে থানা কমপ্লেক্স ভবন নির্মাণকাজের ফলক উন্মোচন শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.১), **সংবাদ** (শেষ পৃ,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক৬)।

**৯।	নির্বাচনি আচরণবিধির কারণে বিএনপি সুবিধা পাচ্ছে : চট্টগ্রামে তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, আমরা যারা দল করি মন্ত্রী ও এমপি হওয়ার কারণে এখন আমাদের প্রার্থীর পক্ষে ভোট চাইতে পারব না। দুনিয়ার কোথাও এমন নিয়ম নেই। নির্বাচনি এ আচরণবিধির কারণে বিরোধী পক্ষ বিএনপি অনেক সুধি পাচ্ছে। এক্ষেত্রে আওয়ামী লীগ বৈষম্যের শিকার হচ্ছে। গতকাল (৮ মার্চ রোববার) চট্টগ্রামে নগর আওয়ামী লীগের বর্ধিত সভায় বিশেষ অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। **সূত্র-যুগান্তর** (পৃ.৩,ক.১), **আমাদেরঅর্থনীতি** (শেষ পৃ.,ক.৪), **নিউজ টুডে (পৃ.১,ক.১)।**

১০। ভূমি রেজিস্ট্রেশন প্রক্রিয়া অটোমেশন করা হবে : আইনমন্ত্রী

আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, ঢাকা ও চট্টগ্রামসহ সারা দেশের ভূমি রেজিস্ট্রেশন প্রক্রিয়া অটোমেশন করা হবে। ইতোমধ্যে এ সম্পর্কিত উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি) প্রস্তুতের কাজ চূড়ান্ত করা হয়েছে। তিনি বলেন, এ প্রক্রিয়ায় ভূমির নামজারি, মালিকানা, রেকর্ড, খাজনা পরিশোধ ও ভূমি জরিপের বিষয়গুলো ভূমি নিবন্ধন কার্যক্রমের সঙ্গে সমন্বয় করা হচ্ছে। এ পদক্ষেপ বাস্তবায়ন করা গেলে ব্যবসা সহজীকরণে সম্পত্তি নিবন্ধন সূচকের ইতিবাচক ও দৃশ্যমান অগ্রগতি অর্জিত হবে। গতকাল (৮ মার্চ রোববার) ঢাকায় এক হোটেলে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) আয়োজিত ব্যবসা সহজীকরণে সম্পত্তি নিবন্ধন সূচক বিষয়ক এক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৮)।

১১। উচ্চ সুদের কারণেই খেলাপি ঋণ বেড়েছে : অর্থমন্ত্রী

অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, উচ্চ সুদের কারণেই খেলাপি ঋণ বেড়েছে। খেলাপি ঋণের ভার কমাতে সুদের হার কমানোর সিদ্ধান্ত নিয়েছে সরকার। গতকাল (৮ মার্চ রোববার) রাজধানীর একটি হোটেলে 'বাংলাদেশের অর্থনীতি কেমন চলছে' শীর্ষক এক গোলটেবিল আলোচনায় এ মন্তব্য করেন অর্থমন্ত্রী। এ সময় তিনি আরো বলেন, রপ্তানি খাতকে সুবিধা দিতে টাকার মান কমানো হলে বিদেশি বিনিয়োগ কমে যেতে পারে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৩), **অবজারভার** (পৃ.১,ক.৭)।

১২। অর্থনৈতিক প্রবৃদ্ধিতে অবদান রাখতে নারীর কাজের স্বীকৃতি দিন : আট নারীকে সম্মাননা অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, নারীদের বেতনহীন কাজের স্বীকৃতি না থাকার কারণে তাদের উৎপাদনশীল শক্তিরূপে মূল্যায়ন করা হচ্ছে না। তাই অর্থনৈতিক প্রবৃদ্ধিতে অবদান রাখতে নারীর কাজের স্বীকৃতি দিতে হবে। কেননা অর্ধেক জনশক্তিকে পেছনে রেখে দেশের সার্বিক উন্নতি সম্ভব নয়। গতকাল (৮ মার্চ রোববার) রাজধানীর সোনারগাঁও হোটেলে নারী দিবস উপলক্ষে অপ্রতিরোধ্য আট নারীকে সম্মাননা জানাতে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.১)।

১৩। বাণিজ্যে করোনাভাইরাসের প্রভাব সরকার গভীরভাবে পর্যবেক্ষণ করছে : বাণিজ্যমন্ত্রী

বাণিজ্যে নভেল করোনাভাইরাসের প্রভাব সরকার গভীরভাবে পর্যবেক্ষণ করছে বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি। গতকাল (৮ মার্চ রোববার) হোটেল ইন্টারকন্টিনেন্টালে ইন্টারন্যাশনাল চেম্বার অভ্ কমার্স (আইসিসি) বাংলাদেশ 'নিউ ইনকোটার্মস-২০২০ রুলস' শীর্ষক কর্মশালার উদ্বোধন অনুষ্ঠানে তিনি এ কথা জানান। সরকার এক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করছে। প্রয়োজনে সরকার সব ধরনের পদক্ষেপ গ্রহণ করবে। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৫,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১)।

১৪। ব্লু ইকোনমি বিকাশে বাংলাদেশ ও ভিয়েতনাম একসঙ্গে কাজ করবে : মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী

ব্লু ইকোনমির বিকাশে বাংলাদেশ ও ভিয়েতনাম একসঙ্গে কাজ করবে বলে জানিয়েছেন মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী শ. ম. রেজাউল করিম। তিনি বলেন, ব্লু ইকোনমির সম্ভাবনা কাজে লাগিয়ে আমরা ভিয়েতনামে সামুদ্রিক মৎস্য রপ্তানি করতে পারি। মাংস রপ্তানিতেও আমাদের সম্ভাবনা রয়েছে। আমরা যৌথভাবে এ ব্যাপারে কাজ করতে চাই। গতকাল (৮ মার্চ রোববার) সচিবালয়ে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রীর সঙ্গে বাংলাদেশে নিযুক্ত ভিয়েতনামের রাষ্ট্রদূত ফাম ভিয়েত চিয়েন এর সাক্ষাতে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৪), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৬)।

১৫। জাটকা সংরক্ষণ সপ্তাহ ৪ থেকে ১০ এপ্রিল

জাটকা নিধনের সঙ্গে জড়িতদের সব কার্যক্রম বন্ধ করে দেওয়া হবে : মৎস্য ও প্রাণিসম্পদমন্ত্রী

ইলিশ সম্পদের উন্নয়নে আগামী ৪ থেকে ১০ এপ্রিল উদযাপন হবে জাটকা সংরক্ষণ সপ্তাহ। জাটকা নিধন বন্ধে বিস্তারিত কর্মসূচির অংশ হিসেবে ঐ সপ্তাহে ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হবে। এমনকি জাটকা নিধনের সঙ্গে জড়িত প্রভাবশালীদের প্রতিহত করারও ঘোষণা দিয়েছেন মৎস্য ও প্রাণিসম্পদমন্ত্রী শ. ম. রেজাউল করিম। গতকাল (৮ মার্চ রোববার) সচিবালয়ে মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে 'ইলিশ সম্পদ উন্নয়ন-সংক্রান্ত জাতীয় টাস্কফোর্সে'র সভায় কর্মসূচি প্রকাশ করা হয়। মৎস্য ও প্রাণিসম্পদমন্ত্রী এ সময় বলেন, জাটকা নিধনের সঙ্গে জড়িতদের সব কার্যক্রম বন্ধ করে দেওয়া হবে। দেশ, জাতি ও আইনের শাসনের স্বার্থে জাটকা নিধনের সঙ্গে সম্পৃক্ত নেপথ্যের প্রভাবশালীদের প্রতিহত করা হবে। পাশাপাশি জেলেদের জন্য বিকল্প ব্যবস্থা গ্রহণ করা হবে। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৬)।

১৬। জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবিলায় উন্নত রাষ্ট্রকে পাশে চাই : পরিবেশমন্ত্রী

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী মো. শাহাব উদ্দিন বলেছেন, জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবিলায় সরকার যথাসাধ্য চেষ্টা করছে। বাংলাদেশের সীমিত সম্পদ দিয়ে পরিপূর্ণভাবে জলবায়ু ঝুঁকি মোকাবিলা কষ্টসাধ্য। জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবিলায় উন্নত রাষ্ট্রগুলোকে আমরা পাশে চাই। গতকাল (৮ মার্চ রোববার) রাজধানীর একটি হোটেলে জলবায়ু সহিষ্ণু অর্থনীতি বিষয়ক এক পলিসি ব্রেকফাস্ট ইভেন্টে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.১৭,ক.৬)।

১৭। করোনাভাইরাসের কারণে হজে যেতে না পারলে টাকা ফেরত : ধর্ম প্রতিমন্ত্রী

করোনাভাইরাস বা অন্য কোনো কারণে কোনো ব্যক্তি চলতি বছর হজে যেতে না পারলে দ্রুততম সময়ের মধ্যে প্রত্যেকের টাকা ফেরত দেবে সরকার। করোনাভাইরাসের কারণে হজযাত্রীরা আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হবেন না। চলতি বছর হজ গমনেচ্ছুদের ব্যাংকে টাকা পরিশোধ করে আগামী ১৫ মার্চের মধ্যে নিবন্ধন সম্পন্ন করতে হবে। আগামী ২৩ জুন থেকে হজ ফ্লাইট শুরু হবে। গতকাল (৮ মার্চ রোববার) ধর্ম মন্ত্রণালয়ে সংবাদসম্মেলনে এ কথা বলেন ধর্ম প্রতিমন্ত্রী শেখ মোহাম্মদ আব্দুল্লাহ। সূত্র-**সমকাল** (পৃ. ৩,ক.৫), **ইত্তেফাক** (পৃ.২,ক.১), **বাংলাদেশ** টুডে (পৃ.১,ক.১)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক** : বাংলাদেশেও করোনাভাইরাসে আক্রান্তের খবর পাওয়া গেছে উল্লেখ করে করোনা প্রতিরোধে কঠোর ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

খ. **যায়যায়দিন :** গাছপালা কমে যাওয়া ও পৃথিবীর তাপমাত্রা বৃদ্ধি পাওয়ায় বজ্রপাতের ঘটনা বেড়েই চলেছে উল্লেখ করে এ ব্যাপারে যথাযথ পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বরোপ।

গ. **যুগান্তর :** পটুয়াখালীর বাউফলে খোলা আকাশের নিচে দুই দফা বৃষ্টিতে ভিজেছে সরকারি খাদ্যগুদামের শতাধিক টন ধান উল্লেখ করে এর জন্য দায়ীদের বিচারের আওতায় আনার দাবি।

ঘ. **জনকণ্ঠ** : সড়কে কিছুতেই থামানো যাচ্ছে না মৃত্যুর মিছিল উল্লেখ করে সব পক্ষের দায়িত্বশীলতা ও সচেতনতাই পারে সড়কে শৃঙ্খলা ফেরাতে বলে মতপ্রকাশ।

ঙ. **সংবাদ** : সার্ভার সমস্যার কারণে জাতীয় পরিচয়পত্র সেবা পেতে দুর্ভোগ পোহাতে হচ্ছে সেবা গ্রহীতাদের উল্লেখ করে যত দ্রুত সম্ভব সার্ভার সমস্যার সমাধান করে জনভোগান্তি দূর করার পরামর্শ।

চ. **অবজারভার** : সরকারি অর্থায়নে পরিচালিত গবেষণার ফলাফল দেশের কল্যাণে কাজে লাগাতে হবে বলে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বঙ্গবন্ধু ফেলোশিপের চেক প্রদান অনুষ্ঠানে যে অভিমত প্রকাশ করেছেন তাকে স্বাগত জানিয়ে গবেষণার অর্থ যথাযথভাবে ব্যবহার করার প্রত্যাশা ব্যক্ত।

ছ. **ডেইলি সান** : নারীর প্রতি যেকোনো ধরনের সহিংসতা প্রতিরোধে সোচ্চার হওয়ার আহ্বান।

উপসম্পদকীয়

বণিক বার্তা পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, নারীর আর্থিক ক্ষমতায়নের জন্য শ্রমবাজারে নারীর প্রত্যক্ষ অংশগ্রহণ বৃদ্ধির কোনো বিকল্প নেই।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত **'কৃষিবিপ্লব হোক গ্রামীণ উন্নয়নের মূলমন্ত্র'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, দেশের কৃষিখাতকে সুরক্ষিত ও গ্রামীণ উন্নয়ন বাস্তবায়ন করতে হলে, দরিদ্র কৃষকদের উৎপাদন সহায়তা, ফসলের ন্যায্যমূল্য নিশ্চিতকল্পে সহায়তার প্রয়োজন রয়েছে।

#

ডালিয়া/মরজিনা/সেলিনা/সাঈদা/মাসুম/খোরশেদ/২০২০/৯.০০ঘন্টা